

ANSWER KEY

নৈর্ব্যক্তিক ও ব্যাকরণভিত্তিক প্রশ্নাবলি :-

উঃ(১) স্বাধীনতা - নিজের অধীনতা

সার্থক - সফল

তুরা - তাড়াতাড়ি

পথ্যি - অসুস্থতার সময়ে খাদ্য

বিসর্জন - ত্যাগ

হিয়া - হৃদয়

অহোরাত্র - দিনরাত

রক্ষণাবেক্ষণ - দেখাশোনা

সরোবর - জলাশয়

কান্ডখানা - ঘটনা

উঃ(২) নীচের শব্দগুলি দিয়ে বাক্য রচনা করো :-

ক) দেশ - আমাদের দেশকে আমি ভালোবাসি ও শ্রদ্ধা করি।

খ) জঙ্গল - সুন্দরবনের জঙ্গলে আমি বেড়াতে গিয়েছিলাম।

গ) দুঃখিনী - ওই দরিদ্র বৃদ্ধাটি খুবই দুঃখিনী।

ঘ) গুরুতর - সামান্য ঘটনা থেকে এমন গুরুতর ব্যাপার হবে কে জানত?

ঙ) আরোহণ - পর্বতে আরোহণ করা শিখতে হয়।

উঃ(৩) নীচের শব্দগুলির পদ পরিবর্তন করো :-

দাসত্ব - দায়, সুখ - সুখী জল - জলীয়

মাস্টার - মাস্টারি জীবন - জীবিত কথা - কথিত

মুখ - মুখরা আহার - আহার্য

উঃ(৪) নীচের শব্দগুলির বিপরীত শব্দ লেখো :-

বাঁচিতে - মরিতে দাস - মালিক মঙ্গল - অমঙ্গল

হাসি - কান্না স্থূলকায় - কৃশকায় দুঃখ - সুখ

মোটা - রোগা সমাপ্ত - সূচনা

উঃ(৫) শূন্যস্থান পূরণ করো :-

ক) 'সার্থক জীবন আর বাহুবল তার হে, বাহুবল তার।

আত্মনাশে যেই করে দেশের উদ্ধার হে, দেশের উদ্ধার।

- খ) ‘কিনুরাম পন্ডিত
মনে পড়ে টাক তার
সমান ভীষণ জানি,
চুনিলাল ডাক্তার।’
- গ) ‘অতীতের কথা কহি বর্তমান যদি যায়,
সে কথাও কহিব না, হৃদয়ে জপিব তায়,
গাহি যদি কোনো গান, গাব তবে অনিবার,
মরিব তোমারি তরে, মা আমার, মা আমার।’

- উঃ(৬) (ক) সুলকায়
(খ) রক্ষণাবেক্ষণ
(গ) রাতের বেলা
(ঘ) মন্ত্রী
(ঙ) চোরেরা
(চ) দুইজন পথিক

উঃ(৭)

- (ক) স্বাধীনতা বলতে অন্যের দ্বারা প্রভাবিত না হয়ে নিজের ইচ্ছায় সবকিছু করাকে বোঝানো হয়েছে।
- খ) ‘স্বাধীনতা’ কবিতায় যুদ্ধের বাজনা ভেরীর আওয়াজ শোনা যায়।
- গ) ‘বিষম বিপত্তি’ কবিতায় ছেলোট অসুস্থ তাই ভাতের বদলে সে খাচ্ছে সামান্য দুধ ও জল-সাবু।
- ঘ) বালকটির মতে দুটি রত্ন হল চুনিলাল ডাক্তার ও কিনুরাম মাস্টার।
- ঙ) ছোটোখাটো সুখ-দুঃখের হিসাব তিনি রাখবেন না কারণ নিজের কথা ভাবার সময় নেই। তিনি সম্পূর্ণভাবে দেশের কাজে নিজেকে নিয়োজিত করেছেন।
- চ) কলঙ্কভার বলতে কবি পরাধীনতার কথা বলতে চেয়েছেন। প্রায় দুশো বছর ভারত পরাধীন ছিল।
- ছ) কুকুরের সঙ্গে এক শীর্গকায় বাঘের সাক্ষাৎ হল।
- জ) কুকুরটি দিনের বেলায় প্রভুর গৃহে গলবন্ধের শিকল দিয়ে বাঁধা থাকত।
- ঝ) রাজা ভবচন্দ্র দুই পথিককে চোর সাব্যস্ত করলেন। তারা পুকুরের ধারে রান্না করার জন্য গর্ত খুঁড়ছিল
- ঞ) মন্ত্রী গবচন্দ্রের মতে শূকরটা না খেতে পাওয়া হাতি ছিল অথবা বেশী খেতে পেয়ে মোটা হয়ে যাওয়া একটি ইঁদুর ছিল।